

২০২০

বাংলা — সাধারণ

তৃতীয় সেমিস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। নীচের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো।

১০

এক বনে এক দুরন্ত সিংহ বনের পশুদের অপ্রয়োজনে হত্যা করছিল। বনের পশুরা ভয় পেয়ে একত্রিত হয়ে সিংহকে জানাল, তারা রোজ পালা করে সিংহকে একটি পশু উপহার দেবে। একদিন এক বুদ্ধিমান খরগোশের পালা পড়ল। সে দেরিতে সিংহের গুহায় গিয়ে জানালো— আরেক সিংহ রাস্তায় তার পথ আটকে দেরি করিয়ে দিয়েছে। সিংহ ক্ষিপ্ত হয়ে সেই সিংহের ঠিকানা জানতে চাইলে বুদ্ধিমান খরগোশ তাকে কুয়োর মধ্যে, জলে সিংহর নিজের ছায়া দেখিয়ে দিল।

অথবা,

নিম্নলিখিত অংশটি পড়ে চিত্রনাট্য নির্মাণ করো।

১০

“ফটিক গোটাকতক কাশ উৎপাটন করিয়া লইয়া একটা অর্ধনিমগ্ন নৌকার গলুইয়ের উপরে চড়িয়া বসিয়া চুপচাপ করিয়া কাশের গোড়া চিবাইতে লাগিল। এমন সময় একটা বিদেশী নৌকা ঘাটে আসিয়া লাগিল। একটা অর্ধবয়সী ভদ্রলোক কাঁচা গাঁফ এবং পাকা চুল লইয়া বাহির হইয়া আসিলেন। বালককে জিজ্ঞাসা করিলেন,—

‘চক্রবর্তীদের বাড়ি কোথায়’।

বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল— ‘ঐ হোথা’— কিন্তু কোনদিকে যে নির্দেশ করিল কাহারও বুঝিবার সাধ্য রহিল না। ভদ্রলোক আবার জিজ্ঞাসা করিলেন,—

‘কোথা’।

সে বলিল ‘জানিনে’।...

বাবুটি তখন অন্য লোকের সাহায্য অবলম্বন করিয়া চক্রবর্তীদের গৃহের সন্ধানে চলিলেন।

অবিলম্বে বাঘা বাগদি আসিয়া কহিল, ‘ফটিকদাদা, মা ডাকছে’।

...ফটিক কহিল ‘যাব না’

...ফটিককে দেখিবামাত্র তাহার মা অগ্নিমূর্তি হইয়া কহিলেন,

‘আবার তুই মাখনকে মেরেছিস’

ফটিক কহিল, ‘না মারিনি’।

‘ফের মিথ্যা কথা বলছিস’।

Please Turn Over

‘কখখনো মারিনি। মাখনকে জিজ্ঞাসা করো’

মাখনকে প্রশ্ন করতে মাখন আপনার পূর্ব নালিশের সমর্থন করিয়া বলিল, ‘হাঁ মেরেছে’।

তখন আর ফটিকের সহ্য হইল না। দ্রুত গিয়া মাখনকে এক সশব্দ চড় কষাইয়া দিয়া কহিল, ‘ফের মিথ্যে কথা’।

...ফটিক মাকে ঠেলিয়া দিল।

মা চীৎকার করিয়া কহিলেন, ‘অঁ্যা তুই আমার গায়ে হাত তুলিস’।

এমন সময়ে সেই কাঁচাপাকা বাবুটি ঘরে ঢুকিয়া বলিলেন, ‘কী হচ্ছে তোমাদের’।

ফটিকের মা বিস্ময়ে আনন্দে অভিভূত হইয়া কহিলেন, ‘ওমা এ যে দাদা, তুমি কবে এলে’! বলিয়া গড় করিয়া প্রণাম করিলেন।’

২। (ক) আবৃত্তি চর্চার মূল সূত্রগুলি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

(খ) কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘পথের পাঁচালী’ উপন্যাসটির সঙ্গে সত্যজিৎ রায়ের ‘পথের পাঁচালী’ চলচ্চিত্রের— সংক্ষেপে একটি তুলনামূলক পর্যালোচনা করো। ১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) টীকা লেখো— পর্ব, যতি

(গ) ‘বাড়ি থেকে পালিয়ে’ চলচ্চিত্রের মিনি ও সুনীলের মা চরিত্র দুটির ভূমিকা আলোচনা করো।

(ঘ) টীকা লেখো— আবৃত্তিতে আলো ও আবহসঙ্গীতের ব্যবহার

(ঙ) টীকা লেখো— নাট্যরূপে মঞ্চনির্দেশ

(চ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(ছ) ‘পথের পাঁচালী’ সিনেমার হিন্দির ঠাকরণ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

(জ) ‘ক্ষুধিত পাষণ’-এর চলচ্চিত্রায়ণে মূল গ্রন্থের সঙ্গে চলচ্চিত্রের যে-কোনো একটি পার্থক্য সংক্ষেপে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও : ১×২০

(ক) পথের পাঁচালী চলচ্চিত্রের মুক্তি কোন খ্রিস্টাব্দে?

(খ) শরৎচন্দ্রের উপন্যাস নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে— এরকম একটি উপন্যাসের নাম লেখো।

(গ) বাংলাদেশের পূর্ণাঙ্গ নির্বাক ছবি কোনটি?

(ঘ) ঋত্বিক ঘটক পরিচালিত ‘বাড়ি থেকে পালিয়ে’ কবে মুক্তি পেয়েছিল?

- (ঙ) দলবৃত্ত ছন্দের অপর নাম কী?
- (চ) ‘ছিপখান তিনদাঁড়/তিনজন মালা/চৌপার দিনভর/দ্যায় দূর পালা’— এই কবিতাটিতে কোন ছন্দের প্রয়োগ ঘটেছে?
- (ছ) ‘মহানগর’ কাহিনির রচয়িতা কে?— এই কাহিনি নিয়ে চলচ্চিত্র তৈরি করেছিলেন কে? $\frac{1}{2} + \frac{1}{2}$
- (জ) কোন ছন্দে রীতির লয় ধীর?
- (ঝ) ‘কাবুলিওয়াল’ গল্পটি কার লেখা? এই চলচ্চিত্রের পরিচালক কে? $\frac{1}{2} + \frac{1}{2}$
- (ঞ) সত্যজিৎ রায়ের কোন চলচ্চিত্রটি ‘কান’ চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠত্বের শিরোপা লাভ করেছিল?
- (ট) ‘সবুজ দ্বীপের রাজা’ ছবির পরিচালক কে?
- (ঠ) ‘সোনার কেলা’ ছবিটি চলচ্চিত্রায়িত কে করেছিলেন?
- (ড) অপু ট্রিলজি কী?
- (ঢ) ‘চারুলতা’ চলচ্চিত্রটি রবীন্দ্রনাথের কোন কাহিনি অবলম্বনে তৈরি হয়েছে?
- (ণ) ‘উজান’ শব্দটিতে কতগুলি দল আছে?
- (ত) মাত্রা কাকে বলে? — উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। $\frac{1}{2} + \frac{1}{2}$
- (থ) অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?
- (দ) যবনিকা কী?
- (ধ) আবৃত্তি বিষয়ক যে-কোনো একটি বাংলা গ্রন্থের নাম লেখো।
- (ন) ‘চলচ্চিত্র মানুষ এবং আরো কিছু’ গ্রন্থটির রচয়িতা কে?